

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়েম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: সবচেয়ে ধ্বংসাত্মক অপচয়সমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

পরিচ্ছেদ: সবচেয়ে ধ্বংসাত্মক অপচয়সমূহ

দশটি ধ্বংসাত্মক জিনিস রয়েছে যা মানুষের কোনো উপকারে আসে না। সেগুলো হচ্ছে: আমলহীন ইলম; ইখলাসহীন ও রাসূলের পদ্ধতি পরিপন্থী আমল; ব্যয় না করা সম্পদ, দুনিয়াতে সে সম্পদের দ্বারা ভোগ করে না, আবার আখিরাতের জন্যও সে প্রেরণ করে না; আল্লাহর ভালোবাসা, তাঁর অনুরাগ ও মমতাহীন অন্তর; ব্যক্তির কোনো উপকারে ও কাজে আসে না এমন শরীর; প্রিয় ব্যক্তিকে সম্ভুষ্ট করতে পারে না ও তার আদেশ মান্য করতে অক্ষম ভালোবাসা; অযথা কাজে ব্যয় অথবা ভালো ও আল্লাহর নৈকট্য লাভে ব্যয় করতে অক্ষম সময়; অকাজে ব্যবহৃত চিন্তা-চেতনা; যে খেদমত তোমাকে আল্লাহর নৈকট্য অর্জন করতে পারে না এবং তোমার দুনিয়াবী কল্যাণও সাধন করতে পারে না; যার ভাগ্য আল্লাহর হাতে তাকে ভয় করা বা তার কাছে কিছু চাওয়া, অথচ সে আল্লাহর অধীনে বন্দী, সে নিজেই নিজের কোনো উপকার, ক্ষতি, জীবন, মৃত্যু ও পুনরুখান করতে পারে না। এ সব অপচয়ের মধ্যে সবচেয়ে মারাত্মক অপচয় হলো অন্তর ও সময়ের অপচয়। দুনিয়াকে আখিরাতের ওপর প্রধান্য দেওয়া হলো অন্তরের অপচয় এবং দীর্ঘদিন বাচাঁর আশা সময়ের অপচয়। ফলে প্রবৃত্তির অনুসরণ ও দীর্ঘদিন বাচাঁর আশা সময়ের হিদায়াতের অনুসরণ ও তাঁর সাথে মিলিত হওয়ার প্রস্তুতি নেওয়া। আল্লাহই সাহায্যকারী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9741

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন